



”সামাজিক সংযোগ উন্নীতকরণ প্রকল্প” এর কার্যক্রম সম্পর্কিত বুলেটিন। কল্লবাজারের উখিয়া এবং টেকনাফের রাজাপালং, হোয়াইকাং, হীলা ইউনিয়ন এবং রোহিঙ্গা ও স্থানীয়দের মধ্যে ‘সামাজিক সংযোগ’ উন্নয়নের লক্ষ্যে ইউএনএইচসিআর-এর সহযোগিতায় কোস্ট ফাউন্ডেশন এর মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে।

## যুব ক্লাবের কার্যক্রম

লম্বাবিল ক্রীড়া পরিষদের সদস্যরা মাদক এর বিষয়ে স্থানীয় জনগোষ্ঠীকে সচেতন করতে বিভিন্ন কর্মসূচি পরিচালনা করছে



২৩/০২/২০২২ তারিখে লম্বাবিল ক্রীড়া পরিষদ আয়োজিত মাদক বিষয়ক উঠান বৈঠক। ছবি-আহমেদ উল্লাহ।

ইউএনএইসিআর-এর সহযোগিতায় কোস্ট ফাউন্ডেশন কতৃক বাস্তবায়নকৃত সামাজিক সংযোগ প্রকল্পের অন্যতম অংশীজন হলো স্থানীয় এবং রোহিঙ্গা যুবক। দুই জনগোষ্ঠীর যুবকদের বিভিন্ন সামাজিক কাজে অংশগ্রহনে উৎসাহিত এবং পরিবেশ তৈরিতে কোস্ট স্থানীয় গুটি ক্লাবকে কারিগরি এবং দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান, ক্লাবঘর নির্মাণ, কম্পিউটার এবং খেলাধুলা সামগ্রী প্রদান করে। এছাড়াও ক্লাব সদস্যদের সাথে বিভিন্ন জাতীয় এবং আন্তর্জাতিক দিবস উৎসাপন, সামাজিক সচেতনতা বৃদ্ধিমূলক ক্যাম্পেইন, ক্রীড়া প্রতিযোগিতা, সমন্বয় সভা সহ বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে সামাজিক সংযোগ এবং শান্তিপূর্ণ সহাবস্থান নিশ্চিত করতে কাজ করছে কোস্ট। ২০২১ সালের সেপ্টেম্বর এবং অক্টোবর মাসে কোস্ট তিনটি স্থানীয় যুব ক্লাবের সাথে মাদক বিরোধী ক্যাম্পেইন এবং আলোচনা সভা করে। ক্লাব সদস্য ছাড়াও স্থানীয় সুশীল সমাজ, সাংবাদিক, শিক্ষক, ইমাম, পুলিশসহ বিভিন্নজন এই কর্মসূচিতে অংশগ্রহন করেছিলেন। উক্ত অনুষ্ঠানে ক্লাবের সদস্যরা মাদকের বিরুদ্ধে স্থানীয়দের সচেতন করতে নিয়মিত কাজ করে যাবে বলে প্রতিশ্রুতি দিয়েছিলেন। এরই ধারাবাহিকতায় লম্বাবিল ক্রীড়া পরিষদ মাদক এর বিরুদ্ধে স্থানীয় জনগনকে সচেতন করতে একটি ক্যাম্পেইন এবং উঠান বৈঠকের আয়োজন করেন। হোয়াইকাং ইউনিয়নের লম্বাবিল গ্রামে আয়োজিত এই কর্মসূচিতে প্রায় ১০০ বিভিন্ন বয়সের স্থানীয় অংশগ্রহন করে। এই কর্মসূচির মাধ্যমে ক্লাবের সদস্যরা মাদকের বিভিন্ন ক্ষতিকারক দিক এবং যুব সমাজের অবক্ষয়, মাদকের বিরুদ্ধে সকলের অংশগ্রহন এবং পারিবারিক, সামাজিক, জাতীয় সমস্যার বিভিন্ন দিক নিয়ে মানুষদের সচেতন করার চেষ্টা করেন। এই বিষয়ে ক্লাবের সভাপতি জানান, লম্বাবিল ক্লাবের সদস্যরা বিভিন্ন সামাজিক ইস্যুতে স্থানীয় মানুষদের সচেতন করতে নিয়মিত কাজ করে যাবে।



“জনগোষ্ঠীর কম দৃশ্যমান লোকগুলোকে আমাদের কার্যক্রমের সাথে বেশি করে যুক্ত করতে হবে, যাতে করে আমরা ক্ষতিগ্রস্থদের প্রকৃত অবস্থা বুঝতে পারি এবং এটা হলে আমাদের মানবিক সাড়া দান কর্মসূচি আরো কার্যকরভাবে করতে পারব” –আসমা-উল হোসনা, সহকারী প্রকল্প কর্মকর্তা, কমিউনিটি ভিত্তিক সুরক্ষা (সিবিপি)।

প্রকল্পের কার্যক্রম সুষ্ঠু এবং কার্যকরভাবে বাস্তবায়নে সঠিক অংশীজন নির্বাচন একটি গুরুত্বপূর্ণ বিষয়। এছাড়া সঠিক সমন্বয় এবং কার্যকর যোগাযোগ এর অভাব কার্যক্রম বাস্তবায়নের বাধা বা প্রতিবন্ধকতা তৈরি করে। কোস্ট ফাউন্ডেশন ইউএনএইসিআর-এর সহযোগিতায় বাস্তবায়নকৃত সামাজিক সংযোগ প্রকল্পের আওতায় ২০২২ সালে প্রকল্প বাস্তবায়নে কমিউনিটি ভিত্তিক সুরক্ষা (সিবিপি) এর সাথে সমন্বয় করে কর্মপরিকল্পনা ঠিক করছে। এই লক্ষ্যে সামাজিক সংযোগ প্রকল্পের কর্মীরা নির্ধারিত ক্যাম্পে ইউএনএইসিআর এর সিবিপি পটিনারদের সাথে কথা বলে। এসময় কমিউনিটি ভিত্তিক সুরক্ষা নিয়ে কাজ করা সহকারী প্রকল্প কর্মকর্তা আসমা উল হোসনা জানান, “জনগোষ্ঠীর কম দৃশ্যমান লোকগুলোকে আমাদের কার্যক্রমের সাথে বেশি করে যুক্ত করতে হবে, যাতে করে আমরা ক্ষতিগ্রস্থদের প্রকৃত অবস্থা বুঝতে পারি এবং এটা হলে আমাদের মানবিক সাড়া দান কর্মসূচি আরো কার্যকরভাবে করতে পারব”

প্রয়োজনে আরো তথ্য ও যোগাযোগের জন্য



কোস্ট ফাউন্ডেশন কল্লবাজার কেন্দ্র, ফোন: ০৩৪১-৬৩১৮৬, মোবাইল: ০১৭১৩-৩২৮৮২৭

ইমেইল: [Jahangir.coast@gmail.com](mailto:Jahangir.coast@gmail.com), ওয়েবসাইট: [www.coastbd.net](http://www.coastbd.net)